

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২২, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(শুল্ক)  
প্রজ্ঞাপন

তারিখ, ৮ অগ্রহায়ণ ১৪১১/২২ নভেম্বর ২০০৮

এস, আর, ও নং ৩১৯-আইন/২০০৮/২০৫৮/শুল্ক।—Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Act এর section 25A এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন বিধিমালা, ২০০২ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (৫) এর দফা (খ) এবং (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) এবং (গ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(খ) International Federation of Inspection Agencies (IFIA) এর সংশ্লিষ্ট প্রি-শিপমেন্ট ইন্সপেকশন কমিটির সদস্য পদের হালনাগাদ সনদপত্র ;

(গ) পরিদর্শন সংস্থা হিসাবে—

“(অ) অন্যান্য দুইটি দেশের সরকারের সাথে দুই বৎসর মেয়াদে কাজ করার অভিজ্ঞতা সম্পর্কিত সম্পাদিত চুক্তি অথবা নিয়োগপত্রের কপি, যাহাতে পণ্যের মূল্য, এইচ.এস.কোড, পণ্যের পরিমাণ, পণ্যের গুণগতমান ও পণ্যের বাণিজ্যিক বর্ণনা বিষয়ে প্রত্যয়ন প্রদানের আবশ্যিকতা ছিল ; এবং

(আ) সম্পাদিত চুক্তি বা নিয়োগপত্র অনুযায়ী পূর্ণ কার্য-মেয়াদ সন্তোষজনকভাবে সম্পন্ন করা সম্পর্কে নিয়োগকারী দেশের সংশ্লিষ্ট সরকারী দপ্তরের প্রত্যয়নপত্র;”।

রষ্ট্রপতির আদেশক্রমে

খায়রুজ্জামান চৌধুরী  
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

( ৭৬৬৫ )

মূল্য : টাকা ১.০০